

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়  
শিক্ষা ভবন, ২য় ব্লক, ২য় তলা, ১৬ আঃ গনি রোড, ঢাকা।  
ওয়েবসাইট [www.dia.gov.bd](http://www.dia.gov.bd) ই-মেইল [directordia@yahoo.com](mailto:directordia@yahoo.com)

নং-৩৭.১৯.০০০০.০৬১.১৪.০০২.১৫- ১০৬২

তারিখঃ ২৬/১১/২০১৭ খ্রিঃ।

### অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর স্মারক নং-৩৭.১৯.০০০০.০৬১.১৯.৯৯.০৩২.১৭.৪২১, তারিখ -২৭/০৪/২০১৭ খ্রি: বর্ণিত পত্রে ‘মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প-২০২১’ এবং SDG-4 এর সফল বাস্তবায়ন, দেশের শিক্ষা ব্যবস্থার আধুনিকায়ন ও বিশ্লেষণে উন্নীতকরণের মাধ্যমে সুশিক্ষিত, দক্ষ, মানব সম্পদ সৃষ্ণের লক্ষ্যে দেশের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার মান যাচাই ও করণীয় সম্পর্কে তাৎক্ষণিক সুপারিশ প্রদান ও মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের সরাসরি পরিচালনায় দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক পরিদর্শনের আওতায় আনার জন্য “ পিয়ার ইন্সপেকশন” (Peer Inspection) কর্মসূচি চালুর অনুমতি প্রদান করা হয়েছে।

২। পিয়ার ইন্সপেকশন কর্মসূচি চালু করার লক্ষ্যে প্রস্তুতকৃত সঙ্কটওয়ারে ৩৬০০০(ছয়ত্রিশ হাজার) শিক্ষা প্রতিষ্ঠান নিবন্ধনের জন্য আপলোডকৃত ছক মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ডিআইএ এর নির্দেশনা অনুযায়ী নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের যাবতীয় তথ্য ডিআইএ- এর “ পিয়ার ইন্সপেকশন সঙ্কটওয়ারে” আপলোড করবেন। ডিআইএ এর কর্মকর্তাবৃন্দ, জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিটরিং করবেন। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানের মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে নির্দেশনা দেয়া হবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নিজ দায়িত্বে তাঁদের প্রতিষ্ঠানের তথ্য ২৫/১১/২০১৭ হতে ০৩/১২/২০১৭ তারিখের মধ্যে ডিআইএ এর “ পিয়ার ইন্সপেকশন সঙ্কটওয়ারে” আপলোড করার জন্য অনুরোধ করা হলো ।

### তথ্য আপলোড করার জন্য লগইন করার নির্দেশনা

- প্রতিষ্ঠান প্রধান নিজ আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করুন(নিজ মোবাইলে মেসেজে dia Info হতে আইডি , পাসওয়ার্ড ও লিঙ্ক পাবেন) ।
- ডিআইএ ওয়েবসাইট লিঙ্ক [www.dia.nixtecsys.com](http://www.dia.nixtecsys.com) অথবা [www.dia.gov.bd](http://www.dia.gov.bd) ক্লিক করে লগইন আইডি ও পাসওয়ার্ড দিয়ে সঙ্কটওয়ারে প্রবেশ করুন এবং ছক মোতাবেক পূরণ করে Submit দিন ।
- ডিআইএ'র কর্মকর্তা, জেলা শিক্ষা অফিসার ও USEO শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য মনিটর করতে পারবেন ।
- ডিআইএ ওয়েবসাইট লিঙ্ক [www.dia.nixtecsys.com](http://www.dia.nixtecsys.com) অথবা [www.dia.gov.bd](http://www.dia.gov.bd) এর নোটিশ বোর্ডে বিস্তারিত উল্লেখ থাকবে।

৩। এ কাজে সংশ্লিষ্ট সকল-কে আন্তরিকভাবে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

৪। বিষয়টি অতীব জরুরি ।

স্বাঃ/-  
(প্রফেসর আহাম্মেদ সাজ্জাদ রশীদ)  
পরিচালক  
ফোন-৯৫৫২৮৫৮

নং-৩৭.১৯.০০০০.০৬১.১৪.০০২.১৫-১০৬২/২১

তারিখঃ ২৬/১১/২০১৭ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণ: যুগ্ম সচিব (অডিট)
- ০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণ: উপ সচিব (অডিট ও আইন)
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৬। চেয়ারম্যান(সকল), শিক্ষা বোর্ড।
- ০৭। জেলা প্রশাসক(সকল), প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।
- ০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ০৯। উপ-পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগীয় শাখা, এ অধিদপ্তর।
- ১০। আঞ্চলিক উপ-পরিচালক(সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।
- ১২। শিক্ষা পরিদর্শক (সকল), এ অধিদপ্তর।
- ১৩। সহকারী শিক্ষা পরিদর্শক (সকল), এ অধিদপ্তর।
- ১৪। জেলা শিক্ষা অফিসার (সকল), প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধসহ।
- ১৫। অডিট অফিসার (সকল), এ অধিদপ্তর।
- ১৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), এ অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।
- ১৭। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, (সকল)
- ১৮। প্রশাসনিক কর্মকর্তা, এ অধিদপ্তর।
- ১৯। পরিচালক এর ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।
- ২০। যুগ্ম-পরিচালক এর ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।
- ২১। ওয়েব সাইট কপি।
- ২২। অফিস কপি।

২৬/১১/১৭  
(বিপুল চন্দ্র সরকার)  
যুগ্ম-পরিচালক  
☎ ৯৫৬১৬৫৪  
২৬/১১/১৭